

রোপা আমন মৌসুমে ধানে মাজরা পোকাকার আক্রমণ ও করণীয়

রোপা আমন মৌসুমে বাংলাদেশের বিভিন্ন এলাকায় ধানের জমিতে মাজরা পোকাকার আক্রমণ লক্ষ্য করা যাচ্ছে। মাজরা পোকা শুধু কীড়া অবস্থায় গাছের ক্ষতি করতে পারে। ডিম থেকে সদ্য ফোটা কীড়াগুলো দু'চারদিন গাছের খোলপাতার মধ্যে খায়। তারপর খেতে খেতে গাছের কাণ্ডের মধ্যে চলে যায় এবং খাওয়ার এক পর্যায়ে গাছের মাঝখানের ডিগ কেটে ফেলে। ফলে ডিগ মারা যায়। গাছে শীষ বা ছড়া আসার আগে এরকম ক্ষতি হলে একে 'মরা ডিগ' বলে। 'মরা ডিগ' হলে সে গাছে আর ধানের শীষ বের হয় না। আর গাছে থোর হওয়ার পর বা শীষ আসার সময় যদি কীড়াগুলো ডিগ কেটে দেয় তাহলে শীষ মারা যায় একে 'মরা শীষ' বলে। এর ফলে শীষের ধান গুলো চিটা হয়ে যায় এবং শীষ সাদা হয়ে যায়।



চিত্র ১: কীড়া



চিত্র ২: পূর্ণবয়স্ক পোকা



চিত্র ৩: মরা ডিগ



চিত্র ৪: সাদা শীষ

এই পোকাকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

১. মাজরা পোকাকার ডিমের গাদা সংগ্রহ করে নষ্ট করে ফেলুন।
২. ক্ষেতে ডাল-পালা পুঁতে দিয়ে পোকা থেকে পাখির সাহায্যে পোকাকার সংখ্যা কমানো যায়।
৩. সন্ধ্যার সময় আলোক ফাঁদের সাহায্যে মথ আকৃষ্ট করে মেরে ফেলুন।
৪. ধান কাটার পড় নাড়া পুড়িয়ে ফেলুন।
৫. ক্ষেতে মরা ডিগ শতকরা ১০-১৫ ভাগ অথবা মরা শীষ শতকরা ৫ ভাগ পাওয়া গেলে নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।

কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
ছায়ানট্রানিলিপ্লোল+লুফেনিউরন	মাইনেকটো এক্সট্রা ৪০এসসি	৫০ মিলি
ফ্লুবেনডিয়ামাইড+থাইাক্লোপ্রিড	বেল্টএক্সপার্ট ৪৮এসপি	২৫০ মিলি
কার্টাপ ৯২%+এসিটামিপ্রিড ৩%	বাতির ৯৫এসপি	১৫০ গ্রাম
কার্টাপ	সানটাপ ৫০এসপি	১.৪ কেজি
ফ্লুবেনডিয়ামাইড	বেল্ট ২৪ ডব্লিউজি	২০০ গ্রাম
ক্লোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার
কার্বোসালফান	মার্শাল ২০ ইসি	১.৫ লিটার
থায়ামেথোক্সাম+ক্লোরানট্রানিলিপ্লোল	ভির্ভাকো ৪০ ডব্লিউজি	৭৫ গ্রাম



কীটতত্ত্ব বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

S. Hossain

22.02.2022